

## যুক্তরাষ্ট্র

# আদালতে ট্রাম্পের মুখোমুখি হচ্ছেন পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলস

এএফপি ওয়াশিংটন



ডোনাল্ড ট্রাম্প ও স্টর্মি ড্যানিয়েলস ফাইল ছবি: রয়টার্স

সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলস ২০০৬ সালের জুলাইয়ে লেক টাহোতে একটি তারকা গলফ টুর্নামেন্টে একসঙ্গে উপস্থিত ছিলেন।

শুধু তা-ই নয়, ট্রাম্প যখন ওই টুর্নামেন্টে খেলছিলেন, স্টর্মি তখন পর্ন স্টুডিও ‘উইকেড পিকচার্স’-এর বুথ থেকে টুর্নামেন্টে অংশগ্রহণকারীদের ‘অভিবাদন’ জানানোর কাজ করছিলেন।

ডোনাল্ড ট্রাম্প ও স্টর্মি ড্যানিয়েলস একসঙ্গে একটি ছবিও তুলেছিলেন। ট্রাম্পের মাথায় ছিল ট্রাম্প ন্যাশনাল গলফ ক্লাবের লাল হ্যাট আর হলুদ পোলো শার্ট। ড্যানিয়েলসের পরনে ছিল কালো রঙের একটি জামা।

ড্যানিয়েলসের মূল নাম স্টেফানি ক্লিফোর্ড। তিনি বলেন, ট্রাম্প তাঁকে তাঁর হোটেলের পেন্টহাউস স্যুটে আমন্ত্রণ জানিয়েছিলেন। সেখানে তাঁদের মধ্যে যৌন সম্পর্ক হয়।

তবে ট্রাম্পের দাবি, স্টর্মি ড্যানিয়েলসের সঙ্গে এমনটা কখনো ঘটেনি।

২০২৪ সালের এপ্রিলে এসে ট্রাম্প ও স্টর্মি আবার মুখোমুখি হতে যাচ্ছেন। আর তাঁরা মুখোমুখি হবেন ম্যানহাটনের আদালতে। সেখানে ট্রাম্পের বিরুদ্ধে প্রথম ফৌজদারি মামলায় বিচারের কাজ শুরু হতে যাচ্ছে।

ট্রাম্পের বিরুদ্ধে অভিযোগ, ২০০৬ সালে স্টর্মি ড্যানিয়েলসের সঙ্গে তাঁর যৌন সম্পর্ক গড়ে উঠেছিল। পরে ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনের আগে এ বিষয়ে মুখ না খুলতে ট্রাম্পের পক্ষ থেকে ১ লাখ ৩০ হাজার ডলার ঘুষ দেওয়া হয়েছিল স্টর্মিকে। এবার সে মামলায় বিচারের কাজ শুরু হবে। জুরি নির্বাচনের মধ্য দিয়ে আগামী সোমবার এ বিচার শুরু হতে যাচ্ছে। স্টর্মি ড্যানিয়েলস সেখানে সাক্ষ্য দেবেন।

২০১৮ সালে নিজের লেখা বই ‘ফুল ডিসক্লোজার’ ও পিকক চ্যানেলের জন্য নির্মিত তথ্যচিত্র ‘স্টর্মি’তে ট্রাম্পের সঙ্গে নেভাডা গলফ রিসোর্টে দেখা হওয়ার ‘দুর্ভাগ্যজনক’ স্মৃতিগুলো বর্ণনা করেছেন স্টর্মি ড্যানিয়েলস।

জানা যায়, ট্রাম্পের সঙ্গে প্রথম দেখা হওয়ার সময় ড্যানিয়েলসের বয়স ছিল ২৭ বছর। আর ট্রাম্পের বয়স ছিল ৬০ বছর। এর মাত্র চার মাস আগে ট্রাম্পের তৃতীয় স্ত্রী মেলানিয়া তাঁদের সন্তান ব্যারনের জন্ম দিয়েছেন।

ড্যানিয়েলস বলেন, ট্রাম্পের এক দেহরক্ষী তাঁকে তাঁর (ট্রাম্প) হোটেলের রুমে নৈশভোজের জন্য আমন্ত্রণ জানিয়েছিলেন।

প্রামাণ্যচিত্রের জন্য দেওয়া এক সাক্ষাৎকারে স্টর্মি ড্যানিয়েলস বলেন, তাঁদের মধ্যে ভালো আলোচনা হয়েছে। যৌনতাসংক্রান্ত কোনো আলাপ হয়নি। পর্নশিল্পের ব্যবসায়িক দিক নিয়ে ট্রাম্প বিশেষ আগ্রহ দেখিয়েছিলেন।

স্টর্মি বলেন, ‘তিনি (ট্রাম্প) আমাকে বলেছিলেন যে আমাকে দেখে তাঁর মেয়ের কথা মনে হয়। আমি ভেবেছিলাম আমাদের মধ্যে পারস্পরিক শ্রদ্ধার জায়গা আছে।’

তবে এরপর ট্রাম্পের সঙ্গে যৌন সম্পর্ক স্থাপনে বাধ্য হয়েছিলেন বলে উল্লেখ করেন স্টর্মি।

স্টর্মি জানান, পরের বছরও ট্রাম্পের সঙ্গে তাঁর যোগাযোগ ছিল। কারণ, ট্রাম্প প্রতিশ্রুতি দিয়েছিলেন যে স্টর্মিকে তাঁর

তবে তা আর হয়নি। পরে স্টর্মি ড্যানিয়েলস ট্রাম্পের ফোন ধরা বন্ধ করে দেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো  
করুন



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো